

ডাঃ সৌম্যজিৎ দত্ত।

## আইএমএ’র পদে আলিপুরদুয়ারের সৌম্যজিৎ

**অভিজিৎ ঘোষ**

**আলিপুরদুয়ার, ১৯ ডিসেম্বর :** চিকিৎসকদের সংগঠন ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশনের (এইএমএ) রাজ্য কমিটির নির্বাচনে জয় পেয়েছে তৃণমূল ঘনিষ্ঠ চিকিৎসক সংগঠন। বহুচর্চিত উত্তরবঙ্গ লবি সেখানে দাঁত ফোটাতে পারেনি। তবে নির্বাচনে জয় পেয়েছেন আলিপুরদুয়ারের চিকিৎসক সৌম্যজিৎ দত্ত।

এর আগে কোনও নির্বাচনে লড়ার অভিজ্ঞতা ছিল না সৌম্যজিতের। প্রথমবার ভোটে লড়াই করেই এই সাফল্য। বুধবার এই নির্বাচনের ফল জানাতেই অনেক রাত হয়ে যায়। সব পদের ফল ঘোষণার পর দেখা যায় প্যানেলে উত্তরবঙ্গ থেকে একমাত্র প্রতিনিধি সৌম্যজিৎ। রাজ্য সহ সভাপতির পদে জয় পেয়েছেন তিনি।

ভোটে জেতার পর খুশি সৌম্যজিৎ নিজেও। বৃহস্পতিবার তিনি বলেন, ‘আমাদের রাজ্য সভাপতি ডাঃ শান্তনু সেন আমাকে ভোটে দাঁড়ানোর প্রস্তাব দেন। সেই মোতাবেক একটু ভেবে সম্মতি জানাই। আমার সহকর্মী সবাই পাশে ছিল। আমাকে দায়িত্ব দেওয়া হয়েছিল উত্তরবঙ্গের চিকিৎসকদের সঙ্গে কথা বলার। প্রায় সবার সমর্থন

### উত্তরবঙ্গের একমাত্র প্রতিনিধি

পেয়েছি।’ এদিন সৌম্যজিৎ জানান, চিকিৎসকদের সুবিধায় বিভিন্ন কাজ করতে চান তিনি। চিকিৎসকদের বিভিন্ন দাবি নিয়েও সরব হবেন।

আইএমএ’র রাজ্য কমিটির দখল পাওয়া নিয়ে কম দলাদলি দেখা যায়নি চিকিৎসকদের মধ্যে। উত্তরবঙ্গ লবির এক সময় একচেটিয়া দাপট ছিল। বেশিরভাগ ক্ষেত্রে তাদের বাইরে অন্য কেউ নির্বাচনে লড়ার সাহসও দেখাতে পারতেন না। সেই অবস্থার খানিকটা পরিবর্তন হয়েছে। উত্তরবঙ্গ লবির অনেক চিকিৎসকই ছন্নছাড়া। অর্থাৎ, তাঁরা এখন আগের মতো একজোট নন। এই অবস্থায় তৃণমূলপন্থী গোষ্ঠী থেকে ভোটে দাঁড় করানো হয়েছিল সৌম্যজিৎকে। এই পছন্দের পিছনে কিছু কারণও রয়েছে। প্রায় সব চিকিৎসকের সঙ্গেই নাকি সৌম্যজিতের সুসম্পর্ক রয়েছে। সেই ফর্মুলায় জয় এল বলেই অনেকে মনে করছেন।

ডাঃ শান্তনু সেনদের যে প্যানেল হয়েছিল সেখানে রাজ্য সহ সভাপতি হিসেবে ১০ জন চিকিৎসক ছিলেন। দু’বছরের মেয়াদকালের এই বোর্ডে প্রতি বছর পাঁচজন করে সহ সভাপতি দায়িত্ব সামলান। সৌম্যজিৎ ২০২৬-২০২৭ বর্ষের জন্য সহ সভাপতি নির্বাচিত হয়েছেন। তাঁর ঝুলিতে পড়েছে ৩৯৭টি ভোট। সৌম্যজিৎ পদ পাওয়ায় খুশি অন্য চিকিৎসকরাও। এদিন আইএমএ’র আলিপুরদুয়ার শাখার সম্পাদক ডাঃ যুধিষ্ঠির দাস বলেন, ‘এটা আমাদের দীর্ঘদিনের দাবি ছিল। আলিপুরদুয়ার থেকে রাজ্য কমিটিতে একজন প্রতিনিধি থাকায় সুবিধা হল। সৌম্যজিৎ ভালো কাজ করবেন বলেই আমরা আশাবাদী।’

### হাইকোর্টের স্টে অর্ডারের মেয়াদ শেষ হয়ে যাওয়ায় বক্সায় ফের জট

# পর্যটকদের রাত্রিযাপন নিষিদ্ধ

**অসীম দত্ত**

**আলিপুরদুয়ার, ১৯ ডিসেম্বর :** বক্সায় পর্যটন নিয়ে ফের জটিলতা তৈরি হল। হাইকোর্টের স্টে অর্ডারের মেয়াদ শেষ হতেই ন্যাশনাল গ্রিন ট্রাইবিউনালের রায় কার্যকর করতে শুরু করল বক্সা টাইগার রিজার্ভ কর্তৃপক্ষ। ফলে বক্সা টাইগার রিজার্ভে অবস্থিত কোনও হোমস্টে, লজ বা রিসর্টে পর্যটকদের আনাগোনা নিষিদ্ধ করল বক্সা টাইগার রিজার্ভ কর্তৃপক্ষ।

পরিবেশবিদ সুভাষ দত্তের দায়ের করা মামলায় গ্রিন ট্রাইবিউনাল যে রায় দিয়েছিল, আপাতত সেই রায়ই বলবৎ রাখছে বক্সা টাইগার রিজার্ভ। ফলে ভরা পর্যটনের মরশুমেও কোনও পর্যটক বক্সার কোনও পর্যটনকেন্দ্রেই রাত্রিযাপন করতে পারবেন না। প্রায় আড়াই বছর আগে সুভাষ দত্তের দায়ের করা মামলায় বক্সায় সমস্ত হোমস্টে, হোটেল, রেস্তোরাঁ, রিসর্টকে অবৈধ ঘোষণা করে গ্রিন ট্রাইবিউনাল। সেই রায়কে চ্যালেঞ্জ জানিয়ে হাইকোর্টে পিটিশন দাখিল করেন হোমস্টে-রিসর্ট মালিকরা। হাইকোর্ট গ্রিন ট্রাইবিউনালের রায়ের উপর স্টে অর্ডার জারি করে। গত আড়াই বছর ধরে হাইকোর্টের সেই স্টে অর্ডারের জেরে বক্সায় পর্যটকদের থাকার উপর নিষেধাজ্ঞা ছিল না। কিন্তু, গত ৩০ নভেম্বর হাইকোর্টের সেই রায়ের মেয়াদ শেষ হয়। এবং চলতি মাসের ৩ এবং ৪ তারিখ হাইকোর্টে সেই মামলার শুনানি শুরু হয়। গত ১৬ তারিখেও সেই মামলার শুনানি হওয়ার কথা ছিল। কিন্তু ১৬ তারিখের পরিবর্তে সেই শুনানি হয় ১৭ ডিসেম্বর। শুনানি চলাকালীনই ১৭ তারিখ রাত থেকে হোটেল, হোমস্টে, রিসর্ট মালিকদের নোটিশ ধরাতে শুরু করেছে বক্সা টাইগার রিজার্ভ কর্তৃপক্ষ। নোটিশ ধরানোর পাশাপাশি বক্সা টাইগার রিজার্ভ কর্তৃপক্ষ বিভিন্ন এলাকায় ওই নির্দেশিকা বলবৎ করতে পোস্টার লাগানোও শুরু করে দিয়েছে।

বক্সা টাইগার রিজার্ভের ডিএফডি হরিকৃষ্ণন পিজে বলেন, ‘ন্যাশনাল গ্রিন ট্রাইবিউনালের রায় মেনে কাজ করছি। কারণ এতদিন হাইকোর্টের যে স্টে অর্ডার ছিল তার মেয়াদ শেষ হয়েছে। এখন সেই মামলার শুনানি চলছে। সুতরাং শুনানি শেষ না হওয়া পর্যন্ত বক্সায় পর্যটকদের রাত্রিযাপন নিষিদ্ধ করা হয়েছে।’

এদিকে, এই মামলায় হাইকোর্টের পরবর্তী শুনানি রয়েছে ২৩ ডিসেম্বর। ২৩ ডিসেম্বর পর্যন্ত বক্সায় কোনও পর্যটক না রাখার সিদ্ধান্ত নিয়েছেন হোটেল, হোমস্টে, রিসর্ট মালিকরা। তবে, ২৩ তারিখের শুনানি শেষে কোনও সিদ্ধান্ত না হলে বক্সার পর্যটন ব্যবসায়ী মহল বৃহত্তর আন্দোলনের হুমকি দিয়েছে।

রাজাভাতখাওয়া হোমস্টের মালিক লালসিং ভুজেল বলেন, ‘রাজাভাতখাওয়া, জয়ন্তী, লেপচাখা সহ সব জায়গায় পর্যটকদের রাত্রিযাপন নিষিদ্ধ করেছে বক্সা টাইগার রিজার্ভ কর্তৃপক্ষ। আমরা আগামী ২৩ ডিসেম্বর পর্যন্ত বক্সায় কোনও পর্যটক রাখছি না। কোনও সুরাহা না হলে আমরা বৃহত্তর আন্দোলনে শামিল হব।’

এদিকে, বক্সা টাইগার রিজার্ভের নির্দেশে ক্ষোভ বাড়তে শুরু করেছে বক্সার বিস্তীর্ণ এলাকায়। পরিস্থিতি যাতে নাগালের বাইরে না যায় সেদিকে নজর রাখছে বিভিন্ন সংগঠন। ডুয়ার্স ট্যুরিজম ডেভেলপমেন্ট ওয়েলফেয়ার সোসাইটির সভাপতি পার্থসারথি রায় বলেন, ‘আমরা ২৩ তারিখের শুনানির দিকে তাকিয়ে রয়েছি।’

এসব জটিলতায় মাঝখান থেকে ফাঁপরে পড়েছেন পর্যটকরা। কলকাতা থেকে বক্সায় বেড়াতে এসেছিলেন প্রবীর রায়। আগে থেকে এব্যাপারে কিছুই জানতেন না তিনি। বললেন, ‘আমরা জয়ন্তী বেড়াতে এসে খবরটি শুনতে পেলাম। বিষয়টি খুবই খারাপ লাগল। এই এলাকার মানুষের কর্মসংস্থানের উৎসই তো পর্যটনশিল্প। তা নিয়েই সমস্যা।’



> ন্যাশনাল গ্রিন ট্রাইবিউনালের রায় মেনে কাজ করছি। কারণ এতদিন হাইকোর্টের যে স্টে অর্ডার ছিল তার মেয়াদ শেষ হয়েছে।
>
> **-হরিকৃষ্ণন পিজে** *ডিএফডি বক্সা টাইগার রিজার্ভ*

> আমরা আগামী ২৩ ডিসেম্বর পর্যন্ত বক্সায় কোনও পর্যটক রাখছি না। কোনও সুরাহা না হলে আমরা বৃহত্তর আন্দোলনে শামিল হব।
>
> **-লালসিং ভুজেল** *হোমস্টের মালিক*

**আদালতে**

- প্রায় আড়াই বছর আগে পরিবেশবিদ সুভাষ দত্ত মামলা করেছিলেন
- সেই মামলায় বক্সার সমস্ত হোমস্টে, হোটেল, রেস্তোরাঁ, রিসর্টকে অবৈধ ঘোষণা করে গ্রিন ট্রাইবিউনাল
- সেই রায়কে চ্যালেঞ্জ জানিয়ে হাইকোর্টে পিটিশন দাখিল করেন হোমস্টে-রিসর্ট মালিকরা
- হাইকোর্ট গ্রিন ট্রাইবিউনালের সেই রায়ের উপর স্টে অর্ডার জারি করে
- গত আড়াই বছর ধরে তাই বক্সায় পর্যটকদের থাকার উপর নিষেধাজ্ঞা ছিল না
- গত ৩০ নভেম্বর হাইকোর্টের সেই রায়ের মেয়াদ শেষ হয়
- এখন আবার হাইকোর্টে শুনানি শুরু হয়েছে

# ভোট ফেরাতে পাড়া বৈঠকে জোর ঘাসফুলের

**ভাস্কর শর্মা**

**ফালাকাটা, ১৯ ডিসেম্বর :** গত লোকসভা নির্বাচনে ফালাকাটায় গ্রামীণ বেশ কয়েকটি বুথে পিছিয়ে পড়েছিল ঘাসফুল শিবির। সামগ্রিকভাবে গ্রামীণ এলাকায় বিজেপিকে খুব সামান্য ভোটে লিড দেয় শাসকদল। কিন্তু কেন বুথগুলির এই পিছিয়ে পড়া? কারণ অনুসন্ধানে এবার পাড়া বৈঠক শুরু করল ফালাকাটা গ্রামীণ ব্লক তৃণমূল কংগ্রেস। নতুন বছরের গোটা জানুয়ারি মাস ধরেই এই কর্মসূচি চলবে। গ্রামীণ ব্লক সভাপতি সঞ্জয় দাসের নেতৃত্বে এই বৈঠকগুলি ডাকা শুরু করা হয়েছে। পাশাপাশি বিজেপির সদস্য সংগ্রহ অভিযানে স্থানীয় ভোটাররা যাতে অংশগ্রহণ না করেন, সেদিকেও খেয়াল রাখছে তৃণমূল।

কেন এমন পদক্ষেপ জানতে চাইলে গ্রামীণ ব্লক সভাপতির উত্তর, ‘আমাদের মূল লক্ষ্য, ২০২৬-এর বিধানসভার আগে দলকে আরও শক্তিশালী করে তোলা। তার জন্য কোন বুথে কেন আমরা পিছিয়ে ছিলাম তার চুলচেরা বিশ্লেষণ করতে পাড়া বৈঠকে জোর দেওয়া হচ্ছে। যাতে বিরোধীরা বুথে একজন কর্মীও খুঁজে না পান।’

ফালাকাটা শহর পুরসভা হবার পরেই গ্রামীণ ও টাউন ব্লক কমিটি গঠন করে তৃণমূল কংগ্রেস। গত লোকসভায় পুরসভার ৪৯টির মধ্যে বেশিরভাগ বুথেই বিজেপির থেকে পিছিয়ে গিয়েছে তৃণমূল এবং ফালাকাটা গ্রামীণ এলাকায় বুথ আছে ১৭৯টি। এর মধ্যে লোকসভা ভোটে ৬৭টি বুথে পিছিয়ে পড়ে তৃণমূল। গোটা গ্রামীণ এলাকায় মাত্র ২ হাজার ৮০০ ভোটে বিজেপিকে লিড দেয় তৃণমূল। লোকসভায় গ্রামীণ এলাকায় লিড পেলেও ৬৭টি বুথেই পিছিয়ে ছিল ঘাসফুল।

গ্রামীণ ব্লক তৃণমূল সূত্রে খবর, পিছিয়ে পড়া বুথগুলির সভাপতি, অঞ্চল সভাপতি সহ গুরুত্বপূর্ণ কর্মীদের নিয়ে পাড়া বৈঠক করা হচ্ছে। সেখানে একেবারে ভোটার তালিকা ধরে ধরে কোন ভোটার কাদের ভোট দিয়ে থাকতে পারে সেই সংক্রান্ত আলোচনা করা হয়। এমনকি যুব ভোটাররা কোন দিকে ঝুঁকছেন তারও বিশ্লেষণ চলে। পাশাপাশি এলাকার কোন মহিলা বিজেপির মিটিং-মিছিলে যাচ্ছেন, সেদিকেও খেয়াল রাখছে তৃণমূলের মহিলা টিম। তাঁদের তৃণমূলে ফেরানোর পরিকল্পনা ও পরামর্শ দিচ্ছে দল।

ফালাকাটা গ্রামীণ ব্লক মহিলা তৃণমূল কংগ্রেসের সভানেত্রী তনুশ্রী রায়ের বক্তব্য, ‘মহিলাদের জন্য লক্ষ্মীর ভাণ্ডার, ছাত্রীদের কন্যাশ্রী ও সহ বিভিন্ন স্কলারশিপ দিচ্ছে আমাদের সরকার। তা সত্ত্বেও গ্রামীণ এলাকায় কয়েকটি বুথে আমরা পিছিয়ে পড়ছি। সেখানে মহিলা ভোটাররা যথেষ্ট তাৎপর্যপূর্ণ। সেই ভোট আমাদের বাক্সে কতটা আসছে তার অনুসন্ধান চলছে। পাড়া বৈঠকে স্থানীয় মহিলাদের নিয়ে এসে দলকে মজবুত করার পরিকল্পনা রয়েছে আমাদের।

তৃণমূলের পাড়া বৈঠককে কেন্দ্র করে অবশ্য বিরোধীদের কটাক্ষ আসতে বেশি দেরি হয়নি। বিজেপির জেলা সভাপতি মনোজ টিগ্গার আক্রমণ, ‘লোকসভা ভোটের মতো আগামী বিধানসভাতেও আমরাই সাফল্য পাব। তারজন্য মাটি আমরাও শক্ত করে ফেলেছি। জেলায় তৃণমূল যতই বৈঠক করুক, জনসাধারণ আমাদের সঙ্গেই রয়েছেন।’

**কারণ খুঁজতে**

- কেন গ্রামীণ বুথে তৃণমূল পিছিয়ে পড়ে তার বিশ্লেষণ চলবে
- স্থানীয় মহিলাদের ভোটে বিরোধী বাক্স ভরছে কি না, তার অনুসন্ধান
- এলাকার যুবসমাজের ঝোঁক কোনদিকে, তা বোঝার চেষ্টা
- বিরোধীদের অভিযান যাতে কর্মী টানতে না পারে, সেদিকে নজর



কাজের সূচনা করছেন জেলা পরিষদের কর্মাধ্যক্ষ মানিক রায়।

# জলপ্রকল্পের কাজ শুরু স্কুলে

**সুভাষ বর্মন**

**ফালাকাটা, ১৯ ডিসেম্বর :** ফালাকাটা ব্লকের ময়রাডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের মোদকপাড়ায় বাড়ি বাড়ি নলবাহিত পরিস্রুত পানীয় জল পরিষেবা এখনও চালু হয়নি। এর পাশাপাশি রমেশচন্দ্র অতিরিক্ত প্রাথমিক বিদ্যালয়ে জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের (পিএইচই) জল পরিষেবা নেই। দীর্ঘদিন ধরে নলকূপের জলই ভরসা পড়ুয়াদের। ওই জল দিয়েই মিড-ডে মিলের রান্না করা হয়। এজন্য স্কুল কর্তৃপক্ষ ও অভিভাবকরা কিছুদিন আগে জেলা পরিষদের কাছে পরিস্রুত পানীয় জলপ্রকল্পের দাবি করেন। এবার সেই দাবি পূরণ হতে চলেছে। জেলা পরিষদের তরফে বৃহস্পতিবার আট লাখ টাকা ব্যয়ে পানীয় জলপ্রকল্পের কাজ শুরু করা হয়। এতে খুশি স্কুল কর্তৃপক্ষ ও অভিভাবকরা। অভিভাবক মিলন মোদক বলেন, ‘এবার থেকে স্কুলে পানীয় জলের আর কোনও সমস্যা থাকবে না। পড়ুয়ারা পরিস্রুত জল পাবে। বাড়ির জন্যও আমরা এই জল নিতে পারব।’

এদিন এই জলপ্রকল্পের কাজের সূচনা করেন জেলা পরিষদের খাদ্য কর্মাধ্যক্ষ মানিক রায়। তিনি বলেন, ‘এক মাসের মধ্যে এই জলপ্রকল্পের কাজটি সম্পন্ন হবে। এখানে পরিস্রুত জলের পাশাপাশি গরমকালে ঠান্ডা জল পাওয়া যাবে। এতে স্কুলের পাশাপাশি আশপাশের এলাকার মানুষ উপকৃত হবেন।’ জেলা পরিষদ সূত্রে খবর, এই পানীয় জলপ্রকল্পের জন্য ৮ লক্ষ ১৭ হাজার ৩৯৯ টাকা বরাদ্দ হয়েছে। এলাকার মধ্যে এই স্কুলে পড়ুয়া সংখ্যা বেশি। প্রাকপ্রাথমিক থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত ১২৪ জন পড়ুয়া আছে সেখানে।

প্রধান শিক্ষক অখিল সরকারের কথায়, ‘এতদিন আমাদের স্কুলে পরিস্রুত জলের ব্যবস্থা ছিল না। নলকূপের জলই ভরসা ছিল। মিড-ডে মিলের রান্না হত ওই জল দিয়েই। পিএইচইর পরিষেবাও নেই। তাই জেলা পরিষদ থেকে এই জলপ্রকল্পের কাজ শুরু হওয়ায় আমরা খুশি।’

তবে প্রকল্পটি স্কুলের জন্য হলেও আশপাশে এলাকায় যেহেতু এখনও পিএইচইর পরিষেবা চালু হয়নি তাই স্থানীয়রা স্কুল থেকে এই জল নিতে পারবেন। আর এতে খুশি এলাকার স্থানীয় বাসিন্দারা। এলাকাবাসী পুণ্যচন্দ্র মোদক বলেন, ‘এলাকায় পানীয় জলের দাবি দীর্ঘদিনের। জেলা পরিষদ থেকে এবার সেই দাবি পূরণ করায় আমরা খুশি। স্কুলের পড়ুয়াদের পাশাপাশি আমরাও ওই জল ব্যবহার করতে পারব।’ এলাকাবাসী রাজকুমার দাস, দুর্গা মুন্ডাদের গলায়ও একই সুর।

# কামাখ্যাগুড়িতে দাম কমছে আলুবীজের

### মাথায় হাত ব্যবসায়ীদের

**পিকাই দেবনাথ**

**কামাখ্যাগুড়ি, ১৯ ডিসেম্বর :** আলিপুরদুয়ার জেলার বিভিন্ন এলাকার মতো কামাখ্যাগুড়িতে পুরোনো আলুবীজের দাম কমে যাওয়ায় মাথায় হাত ব্যবসায়ীদের। এবছর অনেক চাষি হিমঘরে থাকা নিজস্ব আলুবীজ দিয়েই চাষ করার ফলে বীজের দাম অনেকটাই কমে গিয়েছে বলে দাবি ব্যবসায়ীদের। শুধু তাই নয়, আলুবীজ ব্যবসায়ীদের একাংশের দাবি, আলিপুরদুয়ারের বাইরে বিভিন্ন এলাকার নিম্নমানের আলুবীজ উন্নতমানের বীজের প্যাকেটে ভরে বাজারে কম দামে বিক্রি করায় দাম এতটা কমে গিয়েছে। অন্যদিকে, বীজের দাম কমে যাওয়ায় অনেকে নতুন করে আলু চাষ শুরু করেছেন। কামাখ্যাগুড়ির আলুবীজ ব্যবসায়ী সুজিত দেবনাথের কথায়, ‘আলুবীজের দাম কমে প্রায় অর্ধেক হয়ে গিয়েছে। ইতিমধ্যে আমার লক্ষাধিক টাকার লোকসান হয়েছে।’

এবিষয়ে মহকুমা শাসক দেবব্রত রায় বলেন, ‘বিষয়টি আমার জানা নেই। পুরো বিষয়টি খতিয়ে দেখে প্রয়োজনীয় পদক্ষেপ করা হবে।’

অন্যদিকে, বীজের দাম কমা প্রসঙ্গে স্থানীয় আলুচাষি রতন বর্মন বলেন, ‘শুরুতে আলুবীজের দাম এত বেশি ছিল যে আমি চাষ করব না বলেই স্থির করেছিলাম। এখন দাম কমে যাওয়ায় আমি তিন বিঘা জমিতে আলু চাষ করছি।’

চাষিদের পাশে দাঁড়িয়ে কুমারগ্রাম ব্লক সহ কৃষি অধিকর্তা রাজীব পোদ্দার বলেন, ‘আলিপুরদুয়ারের বাইরেও যদি কোথাও উন্নতমানের আলুবীজের প্যাকেটে নিম্নমানের আলুবীজ বিক্রির অভিযোগ কৃষকরা করেন সেক্ষেত্রেও প্রয়োজনীয় পদক্ষেপ করা হবে।’ তাঁর আরও সংযোজন, ‘গত বছর ভুট্টার দাম ভালো পাওয়ায় এ বছর কৃষকরা ভুট্টা চাষে উৎসাহিত হয়েছেন। তাই আলু চাষে কিছুটা কমেছে। এখনও আলু চাষের অনেকটা সময় আছে। আলু চাষের কোথাও কোনওরকম সমস্যা হলে কৃষি দপ্তর সবসময় পাশে রয়েছে বলে তিনি জানান।

আলুচাষিদের একাংশের অভিযোগ ছিল, কামাখ্যাগুড়ি এলাকায় কিছুদিন আগেই আলুবীজের দাম ছিল ৩০০০-৩২০০ টাকার মধ্যে। আলুবীজের দাম এতটা বেশি হওয়ায় কামাখ্যাগুড়ির অনেক আলুচাষি ধূপগুড়ি থেকে বীজ কিনে এনেছিলেন। এই পরিস্থিতিতে কুমারগ্রাম ব্লক সহ কৃষি অধিকর্তা বাজারে অভিযান চালান। যেদিন অভিযান চালান সেদিন থেকেই আলুবীজের বাজারদর যথেষ্ট নিয়ন্ত্রণে আসে। কামাখ্যাগুড়ির আলুচাষি শিবু রায় বললেন, আলুবীজের দাম কমে যাওয়ায় আমি পাঁচ বিঘা জমিতে আলু চাষ করব। আলুবীজের দাম বেড়ে যাওয়ায় আমরা চিন্তায় পড়ে গিয়েছিলাম। নকল আলুবীজ সম্বন্ধে ধূপগুড়ি থেকে বীজ আনা এক কৃষক প্রসেনজিৎ সরকার বলেন, ‘ধূপগুড়ি থেকে আলুবীজ এনেছি। বীজের মান যথেষ্ট উন্নত। নকলের কোনও প্রশ্নই নেই।’ জেলার বাইরের ব্যবসায়ীরা নিম্নমানের আলুবীজ নকল প্যাকেট করার বিষয়টি সম্পূর্ণ নস্যাৎ করেছেন। তাঁদের সাফ জবাব, আমরা কখনও নকলজাত করে আলুবীজ বিক্রি করি না। আমাদের ব্যবসা দেখে ঈর্ষান্বিত হয়ে এসব বাজে কথা বলছে। আমাদের বিরুদ্ধে কোনও অভিযোগ কৃষকরা কখনোই করেন না।



**সমস্যা যেখানে**

- পঞ্জাবের উন্নতমানের বিভিন্ন ধরনের আলুবীজ প্রতি ৫০ কেজি বস্তার দাম ২৩০০-২৮০০ টাকা
- এখন পঞ্জাবের উন্নতমানের সেই আলুবীজ বিক্রি হচ্ছে ১১০০-১৫০০ টাকায়
- কামাখ্যাগুড়িতে কিছুদিন আগে আলুবীজের দাম ছিল ৫০ কেজির বস্তা ৩০০০-৩২০০ টাকা
- কুমারগ্রাম ব্লক সহ কৃষি অধিকর্তার বাজার অভিযানের পর বীজের বাজারদর যথেষ্ট নিয়ন্ত্রণে আসে

## মাপজোখ

**সোনাপুর, ১৯ ডিসেম্বর :** সলসলাবাড়ি ফালাকাটা মহাসড়কের কাজ চলছে জোরকদমে। আলিপুরদুয়ার-১ ব্লকের ঘরঘরিয়ায় মহাসড়ক থেকে আলিপুরদুয়ার শহরে যাওয়ার আন্ডারপাস তৈরি হবে। ওই মহাসড়ক ঘরঘরিয়ায় কোচবিহার সীমানায় প্রবেশ করবে। তবে ঘরঘরিয়া থেকে পূর্ত দপ্তরের রাস্তা ধরে আলিপুরদুয়ার শহরে আসা যাবে। সেজন্য ঘরঘরিয়ায় তৈরি হবে আন্ডারপাস এবং দুটো সার্ভিস রোড। বৃহস্পতিবার সেজন্য মাপজোখ শুরু করেন ঠিকাদারি সংস্থার কর্মীরা। কয়েকদিনের মধ্যেই ওই জায়গায় নির্মাণকাজ শুরু হবে।

## শিবির

**কুমারগ্রাম, ১৯ ডিসেম্বর :** শিশু ও নারী পাচার এবং নেশামুক্ত সমাজ গড়তে চা বাগানের শ্রমিক মহল্লার বাসিন্দাদের সচেতন করার পাশাপাশি তাঁদেরকে আর্থিক স্বনির্ভরতার দিশা দেখাতে সামাজিক শিবির করল এসএসবি। বৃহস্পতিবার সংকোশ চা বাগানের ঝিরগা লাইনে আয়োজিত শিবিরে উপস্থিত ছিলেন ৩৪ নম্বর ব্যাটালিয়নের এসএসবি কমান্ডান্ট কেএম দেবশর্মা, চা বাগানের বরিষ্ঠ শ্রমকল্যাণ আধিকারিক পলাশকান্তি করণ, স্থানীয় পঞ্চায়েত সদস্যা উজ্জ্বালি ওরাওঁ, সমাজকর্মী নারায়ণ মাহালি সহ অন্যরা।

## জেলার খেলা

### অজয়ের ৫৮

**আলিপুরদুয়ার, ১৯ ডিসেম্বর :** জেলা ক্রীড়া সংস্থার প্রথম ডিভিশন ক্রিকেটে বৃহস্পতিবার আরএফএল একাদশ ২ উইকেটে বিজয় স্পোর্টস ক্রিকেট অ্যাকাডেমিকে হারিয়েছে। আলিপুরদুয়ার টাউন ক্লাব মাঠে বিজয় প্রথমে ২৪.৫ ওভারে ১৪৯ রানে অল আউট হয়। দীপঙ্কর দাস ৮৮ রানে অপরাজিত থাকেন। শুভজিৎ দাস ১০ রানে পেয়েছেন ৩ উইকেট। জবাবে আরএফএল ২৯ ওভারে ৮ উইকেটে ১৫২ রান তুলে নেয়। রাজদীপ রায় চৌধুরী ৩৩ রান করেন।

অরবিন্দনগর মাঠে হাসিমারা স্পোর্টিং ক্লাব ১৩ রানে অরবিন্দনগর ক্লাব সিএসএ-র বিরুদ্ধে জয় পায়। প্রথমে হাসিমারা ২৯.২ ওভারে ১৭৮ রানে অল আউট হয়। অজয় গোপ ৫৮ রান করেন। দীপ দাশগুপ্ত ২৮ রানে পেয়েছেন ৪ উইকেট। জবাবে সিএসএ ৩৫ ওভারে ৯ উইকেটে ১৬৫ রানে আটকে যায়। প্রেম পাসওয়ান ৩৮ রান করেছেন। বিশাল ওরাওঁ ২১ রানে পেয়েছেন ৩ উইকেট।

### কিংফিশারের জয়

**বীরপাড়া, ১৯ ডিসেম্বর :** জেলা ক্রীড়া সংস্থার প্রথম ডিভিশন ক্রিকেটে বীরপাড়া কেন্দ্রে বৃহস্পতিবার কিংফিশার ক্রিকেট অ্যাকাডেমি ১০ উইকেটে স্বামী বিবেকানন্দ ক্রিকেট অ্যাকাডেমিকে হারিয়েছে। প্রথমে বিবেকানন্দ ২২.৩ ওভারে ৪৯ রানে অল আউট হয়। সঞ্জয় কুণ্ডু ৩ উইকেট নেন। জবাবে কিংফিশার ৫ ওভারে বিনা উইকেটে ৫০ রান তুলে নেয়। সঞ্জীব চৌধুরী ৩৩ রান করেন। শুক্রবার খেলবে বীরপাড়া হাইস্কুল ও ফালাকাটা টাউন ক্লাব।

### জয়ী খয়েরবাড়ি

**রাঙ্গালিবাজনা, ১৯ ডিসেম্বর :** দানস্রাং ক্লাবের মির্জা ফার্টিলাইজার ট্রফি ক্রিকেটে বৃহস্পতিবার খয়েরবাড়ি স্পোর্টিং ক্লাব ২৪ রানে দৈজিং ক্লাবকে হারিয়েছে। প্রথমে খয়েরবাড়ি ১৫.৪ ওভারে ১৫৫ রানে অল আউট হয়ে যায়। আদর্শ বিশ্বকর্মা ৪০ রান করেন। রাজ সেন ৩ উইকেট নেন। জবাবে দৈজিং ১৭.৫ ওভারে ১৩১ রানে গুটিয়ে যায়। সমীর মিনজ ৫২ রান করেন। শুভম ভুজেল ২০ রানে ২ উইকেট নেন।



# মাংস না খেলে পাতে মাছ

### বড়দিনে ভূরিভোজে জোর প্রস্তুতি দুই বনবস্তিতে



**মোস্তাক মোরশেদ হোসেন**

**রাঙ্গালিবাজনা, ১৯ ডিসেম্বর :** প্রবীণদের কারও কারও উচ্চ রক্তচাপজনিত সমস্যা রয়েছে। তাই মাংস খাওয়া বারণ। তবে খয়েরবাড়ির বনবস্তি রাভাবস্তির বছর সত্তরের মঙ্গল রাভার মতো অনেকের জন্যই বিকল্প মেনুতে থাকবে মাছ। আবার যাঁরা মাছও পছন্দ করেন না, তাঁদের জন্য থাকবে পোলট্রি মুরগির মাংস। অন্যের জমিতে কাজ করতেই বৃহস্পতিবার মঙ্গল রাভা বলছিলেন, ‘গোটা বছরে আমাদের একটাই উৎসব। বড়দিন। বছরভর দিনমজুরি করি। তাই বড়দিন উপলক্ষ্যে ২-৩ দিন কাজ বন্ধ রাখি।’

মাদারিহাট-বীরপাড়া ব্লকে ২টি বনবস্তি রয়েছে। একটি খয়েরবাড়ি ফরেস্টে। আরেকটি ধুমচি ফরেস্টে। দুটি বনবস্তির বাসিন্দারাই রাভা জনজাতির। সিংহভাগই খ্রিস্টান। ওঁরা এখন ব্যস্ত বড়দিনের প্রস্তুতিতে। খয়েরবাড়ির রাভাবস্তিতে ১৯৭৯ সালে সেখানে প্রতিষ্ঠিত হয় ব্যাপ্টিস্ট চার্চ। সেখানে ৬৮টি রাভা পরিবারের বসবাস। লোকসংখ্যা শ-চারেক। বেশিরভাগই দিনমজুর। কারও কারও জমিজমাও রয়েছে। বছরভর হাতির হানা লেগেই থাকে মহল্লায়। সেখানে চার্চের সামনে বড় মণ্ডপ তৈরির কাজ চলছে। গ্রাম পঞ্চায়েতের স্থানীয় সদস্য বিপিন রাভা বলেন, ‘মহল্লার প্রত্যেকেই বড়দিন নিয়ে ভীষণ উৎসাহী। ২৬ ডিসেম্বর চার্চ চত্বরে নাচ-গানের আসর বসবে। গণভোজ হবে সেদিনই।’





গণভোজ হবে ধুমচি রাভাবস্তিতেও। ওই বনবস্তির ৭৪টি পরিবারও ব্যস্ত বড়দিনের প্রস্তুতিতে। সেখানে ১৯৮২ সালে ব্যাপ্টিস্ট চার্চ প্রতিষ্ঠা করা হয়েছিল। দু’দশক আগে পাকা চার্চ তৈরি করা হয়। বড়দিনের অনুষ্ঠান ছাড়াও সীমানা প্রাচীর দিয়ে ঘেরা চার্চ চত্বরে সাংস্কৃতিক, সামাজিক, সরকারি অনুষ্ঠানও হয়। প্রতি বছর বড়দিনের আগে সাজিয়ে তোলা হয় চার্চ। বর্তমানে চার্চ রং করা হচ্ছে। এলাকার পবিত্র রাভা বলেন, ‘প্রতি বছরের মতো এবছরও বড়দিনে সাংস্কৃতিক অনুষ্ঠান হবে। মাছমাংসে হবে ভূরিভোজ।’

ধুমচি রাভাবস্তিটি জঙ্গল এবং নদীবেষ্টিত। পাশেই ময়নাঝোরা। একসময় ওই ঝোরার প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করতে সাধারণ মানুষের ঢল নামত। কিন্তু দিন-দিন হাতির আনাগোনা বেড়েছে ওই এলাকায়। সম্প্রতি ময়নাঝোরায় মাছ ধরতে গিয়ে হাতির আক্রমণে রাভাবস্তির এক বৃদ্ধ মারা যান। তাই এলাকায় বহিরাগতদের আনাগোনা নিয়ন্ত্রিত করেছে বন দপ্তর। তবে সব ভুলে ধুমচি রাভাবস্তি এখন মেতে উঠেছে বড়দিনের প্রস্তুতিতে। কারণ, মহল্লার চারশোর বেশি বাসিন্দার একটাই উৎসব। বড়দিন।

**আয়োজন চলছে**

- খয়েরবাড়ির রাভাবস্তিতে ১৯৭৯ সালে প্রতিষ্ঠিত হয় ব্যাপ্টিস্ট চার্চ
- সেখানে ৬৮টি রাভা পরিবারের বসবাস
- ধুমচি রাভাবস্তিতে ১৯৮২ সালে ব্যাপ্টিস্ট চার্চ প্রতিষ্ঠা করা হয়েছিল
- ওই বনবস্তিতে ৭৪টি পরিবারের বাস
- ওই দুই জায়গায় প্রস্তুতি তুঙ্গে




# আদালতের রায়ে হতাশ ফালাকাটা


## দশক পুরোনো খুনের মামলা

**ভাস্কর শর্মা**

**ফালাকাটা ও আলিপুরদুয়ার, ১৯ ডিসেম্বর :** বাড়ি থেকে মাত্র ১০০ মিটার দূরে গুলি করে খুন করা হয়েছিল একাদশ শ্রেণির ছাত্রীকে। ১১ বছর আগে ফালাকাটা শহরের সুভাষ কলোনির ওই ঘটনা মনে করলে আজও বুক কেঁপে ওঠে অভিভাবকদের। সেই ছাত্রী খুনের ঘটনায় তিনজন মূল অভিযুক্ত ছিলেন। বৃহস্পতিবার ওই ঘটনার রায় ঘোষণা হয়। আলিপুরদুয়ার ফাস্ট ট্র্যাক কোর্ট অভিযুক্তদের বেকসুর খালাস ঘোষণা করেছে। আদালতের রায় শোনার পর থেকেই ক্ষোভে ফেটে পড়ে কিশোরীর পরিবার এবং প্রতিবেশীরা।

রায় ঘোষণার সময় আদালতে উপস্থিত ছিলেন ছাত্রীর বাবা সহ অন্যরা। আদালতের এমন রায়ে হতাশা প্রকাশ করেছেন তাঁরা। এমনকি এদিনই তাঁরা এই রায়ের বিরুদ্ধে হাইকোর্টে যাওয়ার কথা জানিয়েছেন। আদালতের এমন রায়ের পর মৃত ছাত্রীর বাবা বলেন, 'মেয়েকে কারা গুলি করেছে তার সাক্ষীও ছিল। আদালতের এই রায় শুনে আমি হতাশ। তবে এখনও রায়ের কপি হাতে পাইনি। কপি পেলেই আমি হাইকোর্টে যাওয়ার উদ্যোগ নেব।'

এদিন রায় ঘোষণার পর হতাশা প্রকাশ করেছেন কিশোরীর স্মরণ দিবস উদযাপন কমিটির আহ্বায়ক পীযূষ শর্মা। তাঁর কথায়, 'যারা খুন করল তারাই বেকসুর খালাস হল? আমরা আদালতের এই রায়ে স্বভাবতই হতাশ। মৃত ছাত্রীর বাবা উচ্চ আদালতে গেলে আমরা তাঁর সঙ্গে থাকব।'



সালটা ছিল ২০১৩। ২৮ জুলাই। টিউশন সেরে বাড়ি ফিরছিল ফালাকাটা সুভাষ কলোনির ১৭ বছরের সেই কিশোরী। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছিলেন, নিকিতা যখন বাড়ির ঠিক ১০০ মিটারের মধ্যে চলে আসে তখন দুজন আচমকা তার পথ আটকে দাঁড়ায়। কেউ কিছু বুঝে ওঠার আগেই খুব কাছ থেকে বাইকের আরোহী গুলি করে কিশোরীকে। মেয়েটির মাথা এফোঁড়-ওফোঁড় হয়ে গুলি বেরিয়ে যায়। সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে লুটিয়ে পড়ে। রক্তাক্ত অবস্থায় মেয়েকে ফালাকাটা হাসপাতালে নিয়ে গেলে তাকে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসকরা। প্রত্যক্ষদর্শীদের বিবরণ শুনে বিজিত দত্ত ও গোপাল আচার্য নামে স্থানীয় দুই তরুণকে গ্রেপ্তার করেছিল পুলিশ। প্রাথমিক তদন্তে জানা গিয়েছিল, ঘটনার সময় বিজিত বাইক চালাচ্ছিল। গুলি চালায় তাপস (খুলু) দাস। পুলিশ গোপাল আচার্য, বিজিত দত্ত এবং তাপস দাস এই তিনজনকেই গ্রেপ্তার করে। দীর্ঘদিন ধরেই আলিপুরদুয়ার আদালতে কিশোরী খুনের বিচারপর্ব চলতে থাকে। তার মধ্যে বছর দুয়েক আগে গোপাল আচার্যের মৃত্যু হয়। তাই দুজন অভিযুক্ত ছিল। বৃহস্পতিবার দীর্ঘ বিচার শেষে রায়দান করল আদালত। সেখানেই আদালত দুই অভিযুক্তকে বেকসুর খালাস করেছে বলে মৃতার পরিবারের পক্ষের আইনজীবী জানিয়েছেন। এই খবর ফালাকাটায় আসতেই জোর আলোচনা শুরু হয়। ক্ষোভে ফেটে পড়েছেন সাধারণ মানুষ।

অভিযুক্ত পক্ষের আইনজীবী তুষার চক্রবর্তী বলেন, 'সাক্ষ্যদানের মাধ্যমে অভিযুক্তদের বিরুদ্ধে অভিযোগ প্রমাণ করা যায়নি। ফাস্ট ট্র্যাক কোর্টে ২০১৪ সাল থেকে মামলা চলে। তিনজনের বিরুদ্ধে অভিযোগ ছিল। একজন বিচার চলাকালীন মারা যায়। বৃহস্পতিবার বাকিরা বেকসুর খালাস হয়।'

## আলোয় সেজে উঠবে আলিপুরদুয়ার

# ক্রিসমাস কার্নিভাল

**পল্লব ঘোষ**

**আলিপুরদুয়ার, ১৯ ডিসেম্বর :** বড়দিন মানেই সান্তাক্লজ, ক্রিসমাস ট্রি, উপহার, কেক ইত্যাদি। বড়দিন সামনে এলেই আগে দোকানে কেকের বাহার দেখা যেত। দোকান সাজানো থাকত আলো, ফেক বরফ এবং পাইন গাছ দিয়ে। এখন অবশ্য ক্রিসমাস উপলক্ষ্যে আরও জমজমাট আয়োজন থাকবে আলিপুরদুয়ার শহরে। আয়োজিত হবে ক্রিসমাস কার্নিভাল। আলিপুরদুয়ারে এই প্রথম এমন আয়োজন করা হবে জেলা প্রশাসনের উদ্যোগে ও পুরসভার সহযোগিতায়। বৃহস্পতিবার জেলা শাসক আর বিমলা, জেলা পুলিশ সুপার ওয়াই রঘুবংশীর নেতৃত্বে শহরের পুরসভা সংলগ্ন এলাকা পরিদর্শন করেন আধিকারিকরা। শহরের পার্ক রোড এলাকা থেকে মহাকালধাম এলাকা পর্যন্ত প্রায় ২০০ মিটার রাস্তার ধার সেজে উঠতে চলেছে আলোর রোশনাইয়ে।

বড়দিন উপলক্ষ্যে থাকতে চলেছে খাবারের স্টল, গানের আয়োজন, বাচ্চাদের জন্য ফেস পেইন্টিং, যেমন খুশি তেমন সাজো সহ বিভিন্ন আকর্ষণীয় অনুষ্ঠান। জানা যায়, এই অনুষ্ঠান শুরু হতে চলেছে ২৪ ডিসেম্বর সন্ধ্যায়। ২৫ ডিসেম্বরই শেষ হবে। তবে আয়োজনে কোনও ধরনের খামতি রাখতে চাইছে না প্রশাসন।



*পার্ক রোডে কার্নিভালের জায়গা পরিদর্শনে জেলা প্রশাসনের আধিকারিকরা।*

পরিদর্শন চলাকালীন রাস্তার দু'ধারের যানবাহন চলাচল কীভাবে নিয়ন্ত্রণ করা হবে, কোথায় কোথায় আলোকসাজ্জা থাকতে চলেছে সেই সমস্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উপস্থিত ছিলেন পুরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর সহ পুরসভার অন্য আধিকারিক ও কাউন্সিলাররা। এই বিষয়ে জেলা শাসক আর বিমলা বলেন, 'বড়দিন উপলক্ষ্যে রবীন্দ্র শিশু উদ্যানে আলোর ব্যবস্থা করার পাশাপাশি ম্যাক উইলিয়াম স্কুলের সামনে থেকে মহাকালধাম এলাকা পর্যন্ত রাস্তার একদিক বন্ধ করে বড়দিন উপলক্ষ্যে অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। ২৪ ডিসেম্বর বিকেল থেকে এই অনুষ্ঠান শুরু হবে। অনেকে রান্না করে তাঁদের বানানো ডিশের স্টল দিতে পারবেন এখানে। অনুষ্ঠানের নাম দেওয়া হয়েছে- মেরি পার্ক রোড।' তিনি আরও জানান, থাকছে ম্যাজিক শো, তরুণদের গান এবং বিভিন্ন অনুষ্ঠান।

এদিন দেখা যায়, রবীন্দ্র শিশু উদ্যানের চারপাশে লাইট দিয়ে সাজানোর কাজ চলছে। শহরের এক হোমমেকার ডলি রায় বলেন, 'এটা খুবই ভালো উদ্যোগ। আমরা অনেক সময় নিজেদের প্রতিভাকে দেখানোর সুযোগ পাই না। এরকম হলে খুবই ভালো হয়। আমিও সেখানে অংশ নেওয়ার চেষ্টা করব।'

খাবারের স্টল দিতে চাইলে পুরসভা বা জেলা প্রশাসনের কাছে আবেদন করতে হবে আগে থেকে। এই বিষয়ে শহরের তরুণ মলয় কুণ্ডু বলেন, 'বড়দিন উপলক্ষ্যে এই ধরনের আয়োজন খুবই ভালো উদ্যোগ।' আরেক তরুণ মাধব সরকার বলেন, 'অনুষ্ঠানে গানে অংশ নেব। ভীষণ ভালো উদ্যোগ।'

ঝুমকি দে এর আগে অনেক জায়গায় রান্না করা খাবারের স্টল দিয়েছেন, কিন্তু বড়দিন উপলক্ষ্যে এই প্রথম কোথাও স্টল দেবেন বলে ভেবেছেন। জেলা প্রশাসনের এই উদ্যোগ প্রশংসনীয়। বছরের শেষটা আনন্দেই কাটবে।

# থানা রোডে রাস্তা সংস্কার শুরু

**ফালাকাটা, ১৯ ডিসেম্বর :** দীর্ঘ চার মাসেও শেষ হয়নি ফালাকাটা শহরের থানা রোডের পাকা রাস্তার কাজ। মাত্র সাড়ে সাতশো মিটার বেহাল রাস্তা এখনও সারাই না হওয়ায় ক্ষোভ বাড়ছিল সাধারণ মানুষের মধ্যে। বৃহস্পতিবার রাস্তা নিয়ে মানুষের ক্ষোভের বিষয়টি ছবি সহ খবর উত্তরবঙ্গ সংবাদে প্রকাশিত হতেই নড়েচড়ে বসেন সংশ্লিষ্ট ঠিকাদার। বৃহস্পতিবার থেকেই ওই রাস্তার কাজ শুরু করা হয়েছে। রীতিমতো শ্রমিক লাগিয়ে রাস্তার ধুলোবালি পরিষ্কার করা হয়। এদিন রাস্তার কাজ খতিয়ে দেখতে যান এলাকার কাউন্সিলার।

পুরসভার ১৩ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার মনোজ সাহা বলেন, 'মাত্র সাড়ে সাতশো মিটার রাস্তার কাজ চার মাসেও শেষ হল না। এটা আমাদের কাছে লজ্জার। মানুষ সমস্যায় পড়ছেন। তবে এদিন দেখেছি জেলা পরিষদের ওই রাস্তার কাজ শুরু করা হয়েছে। আমরা আশাবাদী নতুন বছরের আগেই রাস্তার কাজ শেষ হবে।'

> মানুষ সমস্যায় পড়ছেন। তবে আজ দেখেছি জেলা পরিষদের ওই রাস্তার কাজ শুরু করা হয়েছে। আমরা আশাবাদী নতুন বছরের আগেই রাস্তার কাজ শেষ হবে।
>
> **মনোজ সাহা,** *কাউন্সিলার ১৩ নম্বর ওয়ার্ড*

থানা রোড থেকে মিল রোড যাওয়ার ওই রাস্তার কাজ শুরু হয়েছে। বেশ কয়েকজন শ্রমিক লাগিয়ে রাস্তা পরিষ্কার করা চলছে। তবে এদিন যে কয়েকজন শ্রমিক রাস্তার কাজ করেছেন তাতে গোটা রাস্তা পরিষ্কার করতে আরও ৩ থেকে ৪ দিন লাগতে পারে বলে নাগরিকরা জানিয়েছেন। এলাকার বাসিন্দাদের দাবি, মান ঠিক রেখে রাস্তার কাজ দ্রুত শেষ করুক ঠিকাদার। স্থানীয় বাসিন্দা রামচন্দ্র সাহা বলেন, 'রাস্তার কাজ চলছে। তবে এর আগেও এমন মাঝেমধ্যেই রাস্তার কাজ শুরু করা হয়েছিল। দেখতে হবে আগের অবস্থা যেন না হয়। আমরা চাই দ্রুত রাস্তার কাজ হোক।'

# জুনিয়ার বেসিকে পুনর্মিলন

**ফালাকাটা, ১৯ ডিসেম্বর :** ফালাকাটা জুনিয়ার বেসিক স্কুলের প্ল্যাটিনাম জুবিলির সূচনা হয় বুধবার। বৃহস্পতিবার ছিল স্কুলের প্রাক্তনীদের পুনর্মিলন উৎসব। এদিন প্রতিষ্ঠালগ্ন থেকে গতবছর পর্যন্ত প্রাক্তনীরা উপস্থিত ছিলেন। তাঁদের জন্য একটা সময় অনুষ্ঠানের জন্য বরাদ্দ করা হয়েছিল। প্রাক্তনীরা স্কুলে এসে স্মৃতিচারণ করেন। প্রাক্তনীদের হাতে স্মারক, উত্তরীয় স্মরণিকা তুলে দেওয়া হয়। এছাড়াও স্কুলের ছাত্রছাত্রীরা নানা অনুষ্ঠান করে। প্রধান অতিথিরাও উপস্থিত ছিলেন। শহরের বিভিন্ন সরকারি স্কুলগুলিকে নিয়ে নানা প্রতিযোগিতার আয়োজন করা হয়। স্কুলের প্ল্যাটিনাম জুবিলির সভাপতি সুভাষ রায় বলেন, 'শুক্রবার সকাল থেকেই নানা সাংস্কৃতিক অনুষ্ঠান হবে। সন্ধ্যা থেকে বহিরাগত শিল্পীদের অনুষ্ঠান রয়েছে। শুক্রবারই প্ল্যাটিনাম জুবিলি সূচনার অনুষ্ঠান শেষ করা হবে। এদিন ৭৫ বছরের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডিপিএসসি'র চেয়ারম্যান পরিতোষ বর্মন, ডিআই (মাধ্যমিক) আশানুল করিম, শিক্ষাবিদ সুভাষ সেনগুপ্ত, অজিত দে সরকার সহ অন্যরা।

# রেলের উচ্ছেদ ঠেকাতে আশ্বাস সুমনের

**প্রণব সূত্রধর**

**আলিপুরদুয়ার, ১৯ ডিসেম্বর :** রেলের নোটিশ নিয়ে এবার রাজনৈতিক রং লাগল। বৃহস্পতিবার বিবেকানন্দ-২ গ্রাম পঞ্চায়েতের নর্থপয়েন্ট এলাকায় স্থানীয় বাসিন্দাদের সঙ্গে বৈঠক করেন আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলাল। সেখানে উত্তর জিতপুর নর্থপয়েন্ট বিবেকানন্দ শিশুশিক্ষাকেন্দ্রের মাঠে রেলের নোটিশ পেয়েছেন এমন প্রায় শতাধিক স্থানীয় বাসিন্দাদের সামনে বক্তব্য রাখা হয়। রেলমন্ত্রক ও কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে সরব হন স্থানীয় নেতারা। উচ্ছেদের বিষয়টি নিয়ে রেল কর্তৃপক্ষের সঙ্গে কথা বলবেন বলেও আশ্বাস দেন বিধায়ক সহ অন্যরা।

বিধায়ক সুমন কাঞ্জিলাল বলেন, 'রেল কেন এতগুলো জায়গায় নোটিশ দিল তা দেখা হবে। রেল কর্তৃপক্ষের সঙ্গে কথা বলব। নোটিশ পাওয়ার পরেই সাধারণ মানুষের ঘুম উড়েছে। এমনভাবে রেলের নোটিশ দেওয়ার মানে কী? বিশেষ করে প্রবীণরা নিরাপত্তার অভাব বোধ করছেন।'

আলিপুরদুয়ার জংশনে প্রায় এক হাজারের বেশি বসতি চিহ্নিত করা হয়েছে। তার মধ্যেই ৮২৫ জনকে নোটিশ দেওয়া হয়েছে। ইতিপূর্বেও একাধিকবার নোটিশ দেওয়া হয়েছিল।



*উচ্ছেদ নিয়ে চিন্তিতদের সঙ্গে দেখা বিধায়ক সুমন কাঞ্জিলালের।*

তবে এবার ডিআরএম অফিসে দেখা করতে বলা হয়েছে। আর সেই সুযোগে এবার নিজেদের ঘাঁটি শক্ত করতে উঠেপড়ে লেগেছে শাসকদল। জংশনের বিভিন্ন এলাকায় স্থানীয়দের সঙ্গে কথাও বলেন তাঁরা।

তৃণমূলের স্থানীয় নেতাদের অভিযোগ, রেলের উচ্ছেদ নোটিশের ফলে আবাস যোজনার ঘর থেকে বঞ্চিত হবেন স্থানীয়রা। আবাস যোজনার ঘর দেওয়ার কাজ শুরু হতেই রেলের তরফে উচ্ছেদের চক্রান্ত বলে মন্তব্য করতেও শোনা যায়। স্থানীয়দের দাবিতে রেলের উচ্ছেদ অভিযানের বিরুদ্ধে আন্দোলনে নামতে চান।

মিনা মাহাতো, মালিকা খাতুন, সুরঞ্জন হেমব্রমরা রেলের জমিতে প্রায় কয়েক দশক ধরে বসবাস করেছেন। হঠাৎ রেলের নোটিশ পেয়ে অবাক হয়ে যান। তবে তাঁদের এলাকায় পঞ্চায়েতের তরফে পথবাতি, পানীয় জলের ব্যবস্থা সহ অন্যান্য সুযোগসুবিধা প্রদান করা হয়। এখন রেলের নোটিশে উচ্ছেদের আশঙ্কা করছেন স্থানীয়রা। এই নোটিশের ফলে আবাস যোজনার ঘর থেকে বঞ্চিত হবেন বলে মনে করছেন অনেকেই।

বিজেপির জেলা সাধারণ সম্পাদক মিঠু দাস বলেন, 'রেল বিষয়টি মানবিকভাবে দেখবে বলে মনে করছি। সাধারণ মানুষকে কেন্দ্র বিরুদ্ধ করে তোলার একটা চক্রান্ত চলছে।'

# বনধের ডাক ডুয়ার্স উন্নয়ন সংগ্রাম সমিতির

**অসীম দত্ত**

**আলিপুরদুয়ার, ১৯ ডিসেম্বর :** আলিপুরদুয়ার জংশনে মাল্টি সুপারস্পেশালিটি হাসপাতাল ও হাসিমারায় অসামরিক বিমানবন্দরের দাবিতে ২৭ ডিসেম্বর ১২ ঘণ্টার বনধ ডাকল ডুয়ার্স উন্নয়ন সংগ্রাম সমিতি। এই বনধ পালন হবে আলিপুরদুয়ার ফ্লাইওভার থেকে জংশনের নর্থপয়েন্ট এলাকা পর্যন্ত। ডুয়ার্স উন্নয়ন সংগ্রাম সমিতির এই আন্দোলনকে সমর্থন জানিয়েছে জংশন এলাকার চারটি ব্যবসায়ী সংগঠন। ২৭ ডিসেম্বর বনধ পালনের পাশাপাশি ওইদিন জংশন স্টেশন থেকে একটি বিরাট পদযাত্রা আলিপুরদুয়ার ডিআরএম অফিস পর্যন্ত যাবে। ওই পদযাত্রায় হাজারখানেক মানুষ উপস্থিত থাকবেন বলে দাবি করেছেন সংগঠনের সদস্যরা।

ওই দাবির পক্ষে জনসমর্থন গড়ে তুলতে বৃহস্পতিবার থেকেই আলিপুরদুয়ারজুড়ে পোস্টার সাঁটানো শুরু করেছে অরাজনৈতিক ওই সংগঠনটি।

সংগঠনের যুগ্ম সম্পাদক রাতুল বিশ্বাস এবং তুষাররঞ্জন ঘোষ জানান, নির্বাচন এলেই বিভিন্ন রাজনৈতিক দল উন্নয়নের মিথ্যা প্রতিশ্রুতি নিয়ে জনসাধারণের কাছে হাজির হয়। তারই জ্বলন্ত উদাহরণ আলিপুরদুয়ারের মাল্টি সুপারস্পেশালিটি হাসপাতাল এবং হাসিমারায় অসামরিক বিমানবন্দর তৈরি প্রতিশ্রুতি। লোকসভা নির্বাচনের আগে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী তথা আলিপুরদুয়ারের সাংসদ জন বারলা এই দুই প্রতিশ্রুতি দিয়েছিলেন। কিন্তু নির্বাচন মিটে যেতেই কেন্দ্রীয় মন্ত্রীর ওই প্রতিশ্রুতি এখন বিশবাঁও জলে। এদিকে রাজ্য ও কেন্দ্রের উদাসীনতায় বঞ্চনার কবলে আলিপুরদুয়ার। আলিপুরদুয়ার জংশন এলাকায় কোনও উন্নয়নের ছোঁয়া লাগেনি। তাই মানুষ চাইছে কেন্দ্র এই দুই প্রতিশ্রুতি দ্রুত পালন করুক। মানুষ এই দুই দাবির সপক্ষে একজোট হচ্ছে।

ডুয়ার্স উন্নয়ন সংগ্রাম সমিতির এই আন্দোলনকে সমর্থন জানিয়েছে জংশনের বিবেকানন্দ ব্যবসায়ী সমিতি, জংশন রেলস্টেশন ব্যবসায়ী সমিতি, রেল বাজার ব্যবসায়ী সমিতি এবং নর্থপয়েন্ট ব্যবসায়ী সমিতি।

সংগঠনের তরফে জানা গিয়েছে, ২৭ তারিখের ওই পদযাত্রাটি ডিআরএম অফিসের সামনে টানা অবস্থান বিক্ষোভ প্রদর্শন করবে। বিক্ষোভ শেষে ডিআরএম-কে এই দুই দাবির সমর্থনে স্মারকলিপি তুলে দেওয়া হবে।

# আমরা তাহলে কোথায় যাব জানতে চান শ্যামলীরা

**আলিপুরদুয়ার, ১৯ ডিসেম্বর :** তখন দেশের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধি। সেই সময়ই হঠাৎ করে দেশজুড়ে জারি করা হল এমারজেন্সি। এমারজেন্সির সময় আলিপুরদুয়ার জংশন দুধিয়া কলোনি এলাকায় রেলের কাজ করতে এসেছিলেন শ্যামলী বর্মন ও তাঁর পরিবার। প্রশাসনের তরফেই শ্যামলীর মতো আরও কয়েকজনকে জংশন লাগোয়া এলাকায় সাময়িকভাবে থাকার ব্যবস্থা করে দেওয়া হয়েছিল। সেই সাতের দশক থেকে তাঁরা সেখানেই বসবাস করে আসছেন। হঠাৎ করেই রেলের তরফে এবার তাঁদের নোটিশ দেওয়া হয়েছে। উচ্ছেদের নোটিশ নয়। জমির কাগজপত্র নিয়ে দেখা করার নোটিশ। এদিকে, শ্যামলীদের কাছে তো জমির কাগজ নেই। তাহলে এবার কী হবে? রেল যদি সরে যেতে বলে, তাহলে এতদিনের ভিটে ছেড়ে তাঁরা কোথায় যাবেন? সেই আশঙ্কায় ভুগছেন তাঁরা।

উচ্ছেদ হওয়ার ভয়ে প্রহর গুনছে হাজারখানেক পরিবার। আলিপুরদুয়ার জংশন লাগোয়া এলাকায় ৮২৫টি পরিবারকে নোটিশ পাঠানো হয়েছে। যাদের আগামী ২৫ ডিসেম্বরের মধ্যে নির্দিষ্ট দিনে জমির নির্দিষ্ট কাগজপত্র নিয়ে রেলের আধিকারিকদের সঙ্গে দেখা করতে বলা হয়েছে। কিন্তু বৈধ কাগজপত্র না থাকায় সিঁদুরে মেঘ দেখছেন এদের মধ্যে অনেকেই। ইতিমধ্যে জংশন এলাকার দুধিয়া কলোনি, তালতলা কলোনি, ইন্দিরা কলোনি, ইনস্টিটিউট কলোনি এলাকার প্রায় ১,১৭১টি বাড়ি চিহ্নিত করা হয়েছে রেলের তরফে। নোটিশ গিয়েছে আট শতাধিক বাড়িতে। সেখানে আজন্ম বসবাস অনেকেরই। ফলে দীর্ঘদিনের আশ্রয় হারানোর আশঙ্কার মেঘ ক্রমশ গাঢ় হচ্ছে পরিবারগুলির মধ্যে।

শ্যামলী বলছিলেন, 'জন্মের পর থেকে এখানেই বসবাস করে আসছি। কিন্তু প্রথমবার এধরনের নোটিশ আসায় ভয় লাগছে। কী হবে ভেবে কূল পাচ্ছি না।' তবে তাঁদের যেদিন কাগজপত্র নিয়ে যেতে বলা হয়েছে সেদিন তাঁরা যাবেন বলে জানান। শুধু শ্যামলী নন, তাঁর সঙ্গে লক্ষ্মী বর্মন, মনোজ রায়, ফুলকুমারী রায়, দীপিকা রায়রাও রেলের তরফে নোটিশ পেয়েছেন। নোটিশ অনুযায়ী তাঁদেরও আলাদা আলাদা তারিখে জংশনে ডিআরএম অফিসে জমির কাগজপত্র সহ ডেকে পাঠানো হয়েছে।



*জংশনের ইন্দিরা কলোনিতে উচ্ছেদের আতঙ্ক।*

এঁদের মধ্যে লক্ষ্মী বর্মন জংশনের তালতলা এলাকার বাসিন্দা। সেই এলাকায় তিনি একটি ঝুপড়ি ঘর বানিয়ে বসবাস করছেন। তিনি বলেন, 'প্রায় ৫০ বছর ধরে এখানে রয়েছি। বাড়িতে ছেলে, বৌমা ও নাতি-নাতনিদের নিয়ে বাস। এই ৭০ ছুঁইছুঁই বয়সে যদি ঘরবাড়ি ছাড়া হতে হয় তাহলে আমরা কোথায় যাব?' এখন এই নোটিশের ফলে তাঁদের রাতের ঘুম উড়ে গিয়েছে।

ইনস্টিটিউট কলোনির বাসিন্দা মনোজ রায় ফাস্ট ফুডের দোকান দিয়ে ঘরসংসার চালাচ্ছেন। তাঁর বাড়ি গিয়ে দেখা গেল, দোকানের জন্য খাবার বানাতে ব্যস্ত। বললেন, 'বাপ-ঠাকুরদার সময় থেকে এখানেই বাস। তবে আর কতদিন এই বাড়িতে থাকতে পারব, জানি না।'

জংশন লাগোয়া এলাকায় পরিত্যক্ত কোয়ার্টারে যেমন অনেকে বিনা কাগজপত্রে বসবাস করছেন তেমনই তার পাশের ফাঁকা জায়গাগুলোতে নিজেরাই ঘর তৈরি করে বসবাস করছেন অনেকেই। সেখানে বসবাসকারী ফুলকুমারী রায়, দীপিকা রায়দের দাবি, যদি উঠতেই হয় তবে বিকল্প ব্যবস্থা করা হোক।

# কমিটি গঠন

**বীরপাড়া, ১৯ ডিসেম্বর :** ১৯৫২ সালের ৪ ফেব্রুয়ারি প্রতিষ্ঠিত হয় বীরপাড়া হাইস্কুল। ২০২৬ সালের ৪ ফেব্রুয়ারি থেকে ওই স্কুলে ৭৫ বছর পূর্তি উৎসবের সূচনা হবে। এজন্য প্রায় এক বছরেরও আগে বৃহস্পতিবার উৎসব কমিটি গঠন করা হয়। এদিন স্কুলে শিক্ষক-শিক্ষিকা, পরিচালন সমিতির সদস্য এবং প্রাক্তন ছাত্রছাত্রীরা বৈঠক করেন। প্রধান শিক্ষক জয়ব্রত ভট্টাচার্য জানান, প্রবীণ নাগরিক তথা স্কুলের প্রাক্তন ছাত্র সুভাষ গর্গকে সভাপতি করে উৎসবের মূল কমিটি গড়া হয়েছে। এছাড়া আরও প্রায় ১৫টি উপকমিটি (সাব-কমিটি) গড়া হয়েছে। বিদ্যালয় সূত্রের খবর, এক বছর ধরে উৎসবের প্রস্তুতি নেওয়া হবে। পরের এক বছর ধরে চলবে উৎসব।



*বীরপাড়া হাইস্কুলে অনুষ্ঠান নিয়ে আলোচনা।*

